

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২১.১১৮২

তারিখ: ২০ অগ্রহাষণ ১৪২৮

০৫ ডিসেম্বর ২০২১

বিষয়: ১২ ডিসেম্বর ২০২১ তারিখে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১’ উদ্বোধন উপলক্ষ্যে অনলাইন কুইজ প্রতিযোগিতায় দেশের সর্বস্তরের ছাত্র-ছাত্রীদের অধিক নিবন্ধন নিশ্চিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে এবং মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-এর সার্বিক তত্ত্বাবধানে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, আইসিটি শিল্পের বিকাশ, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, আইসিটি খাতে দক্ষ জনবল তৈরী ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

০২। ডিজিটাল বাংলাদেশের সাফল্য ও অর্জন সকল জনগণের নিকট উপস্থাপন, তথ্যপ্রযুক্তি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম সৃষ্টি, আইসিটি শিল্প বিকাশে গবেষণা ও উদ্ভাবনে উদ্বুদ্ধকরণ, ডিজিটাল সক্ষমতা উন্নয়ন এবং তথ্যপ্রযুক্তি খাতে অনন্য অবদানের জন্য স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতিবছরের ন্যায় আইসিটি বিভাগের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী ও আন্তর্জাতিকভাবে ৫ম “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” (ভৌত ও অনলাইন ভিত্তিক) উদ্বোধিত হবে। ২০২১ সাল মাননীয় প্রধানমন্ত্রীর ‘রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ’ স্বপ্ন পূরণের পূর্তি বছর। সে লক্ষ্যে দেশের আপামর জনগণ সামাজিক দুরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে এ বিশেষ দিনটি যথাযোগ্য মর্যাদায় ও উৎসব মুখরভাবে উদ্বোধন করবে। এবারের ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১-এর নিম্নরূপ প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে।

### “ডিজিটাল বাংলাদেশের অর্জন

#### উপকৃত সকল জনগণ”

০৩। দিবসটি যথাযথ মর্যাদায় ও উৎসবমুখরভাবে উদ্বোধনের লক্ষ্যে অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উক্ত অনলাইন কুইজ প্রতিযোগিতা অংশগ্রহণের জন্য গত ৩০/১১/২০২১ তারিখে নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে যা আগামী ০৯/১২/২০২১ তারিখ পর্যন্ত চলমান থাকবে। পরীক্ষা আগামী ১০/১২/২০২১ তারিখ (সন্ধ্যা ০৭.০০ টা হতে ০৮.০০টা) পর্যন্ত অনুষ্ঠিত হবে। আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব **জুনাইদ আহমেদ গলক, এমপি** “অনলাইন কুইজ প্রতিযোগিতায়” অধিক ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

০৪। এমতাবস্থায়, ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উপলক্ষ্যে অনলাইন কুইজ প্রতিযোগিতায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

R.Mahedi

৬-১২-২০২১

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী

জেলা প্রশাসক (সকল)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২


ইমেইল: dg@doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২১.১১৮২/১(১১৮)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮  
০৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রোগ্রামার (জেলা) সকল
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৫) অফিস কপি
- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)



৬-১২-২০২১

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)